

QP Code: 22/PT/1/VIIA

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা (Bengali)

সপ্তম পত্র-ক (7A Paper : RABINDRA SAHITYA)

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সুচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.

The figures in the margin indicate full marks.

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) ‘ছিন্নপত্রে’ কাকে লেখা কতগুলি পত্র আছে তা লিখুন। ছিন্নপত্রাবলীর সঙ্গে এর সম্পর্ক কী? এই পত্রগুলির প্রায় সমকালে রচিত কয়েকটি গল্প ও কবিতার উল্লেখ করে সমকালীন রবীন্দ্রমানসের পরিচয় দিন। ১ + ১ + ২ + ১৪
- খ) ‘সোনার তরী’ কাব্যটির নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করুন। প্রসঙ্গত এই কাব্যের প্রথম ও শেষ কবিতায় কবির রোমান্টিক চেতনার যে প্রকাশ ঘটেছে তার ব্যাখ্যা করুন। ৮ + ৫ + ৫
- গ) ‘গোরা’ উপন্যাসে সমকালের প্রেক্ষাপটে গোরার ভারত-ভাবনার যে বিকাশ ঘটেছে তার পরিচয় দিন।
- ঘ) ‘রক্ত করবী’ নাটকের নামকরণের যৌক্তিকতা বিচার করুন।
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) ‘সোনার তরী’ কাব্যের ‘দুই পাখি’ কবিতায় সীমা ও অসীমের সম্পর্ক কীভাবে ব্যক্ত হয়েছে তা দেখান।
- খ) “প্রেম দিয়ে যে গল্পের আরম্ভ, আইডিয়া উপস্থিত করে তার সমাপ্তি” — ‘শেষ কথা’ গল্প সম্পর্কে এই মন্তব্যের যৌক্তিকতা ব্যাখ্যা করুন।

- গ) “ ‘সে’ গ্রন্থটি উৎকল্পনার হাস্যসৃষ্টির স্বরূপ ।” — ব্যাখ্যা করুন ।
- ঘ) ‘রামায়ণ রূপক নয়, আমার রক্তকরবীর পালাটিও রূপক নাট্য নয় ।’ — মন্তব্যটির তাৎপর্য বিচার করুন ।
- ঙ) ‘বাঁশিওয়ালা’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করুন ।
- চ) ভারতবর্ষের ইতিহাস সম্বন্ধে রবীন্দ্রনাথের বক্তব্য কী লিখুন ।
৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) ‘জীবনস্মৃতি’র অনুসরণে ‘ভূতরাজক তন্ত্রের’ পরিচয় দিন ।
- খ) ‘রাতের সব তারাই আছে
দিনের আলোর গভীরে ।’ — ব্যাখ্যা করুন ।
- গ) পাঠ্যপুস্তকের পৃষ্ঠায় ভারতবর্ষের ইতিহাসকে কোন্ প্রেক্ষাপটে দেখানো হয়েছে, সে সম্পর্কে রবীন্দ্রনাথের বক্তব্য পরিস্ফুট করুন ।
- ঘ) ‘যেতে নাহি দিব’ কবিতায় কবির মর্ত্যপ্ৰীতি চার বছরের কন্যার বিচ্ছেদের প্রেক্ষাপটে কীভাবে দেখিয়েছেন — আলোচনা করুন ।
- ঙ) ‘সকালে ফুলের বনে যে আলো আসে তাতে বিস্ময় নেই, কিন্তু পাকা দেয়ালের ফাটল দিয়ে যে আলো আসে — সে আর এক কথা ।’ — কার কথা ? এর তাৎপর্য ব্যাখ্যা করুন । ১ + ৬
- চ) ‘রক্তকরবী’ নাটকে ‘রাজার এঁটো’ কারা — বিশদ করুন ।
- ছ) ‘গোরা’ উপন্যাসে ‘পরিশিষ্ট’ অংশ সংযোজনের গুরুত্ব কতখানি — বিচার করুন ।
- জ) “দেশের মূল মর্মস্থানটি খুঁজে নিতে হয় ।” — কোন্ দেশের কথা রবীন্দ্রনাথ বলেছেন ? ‘মূল মর্মস্থান’ বলতে লেখক কী বুঝিয়েছেন ? ১ + ৬